

11884 - প্রতিবন্ধী ব্যক্তির উমরা পালনকালীন সঙ্গের খরচ কে বহন করবেন?

প্রশ্ন

আমি একজন প্রতিবন্ধী মুসলিম। এ বছর উমরা করতে যাব, ইনশাআল্লাহ্। আমি চাচ্ছি যে, আমার ভাই আমাকে জেদ্দাতে রিসিভ করবেন এবং মক্কা ও মদিনাতে নিয়ে যাবেন। সেও উমরা করতে চায়। কিন্তু সে তার টিকেটের খরচ নিজে পরিশোধ করতে চায়। তবে আমি আমাদের হোটেলে থাকা, খাবার ও অন্যান্য খরচ পরিশোধ করব। সে কি তার টিকেট নিজে পরিশোধ করতে পারে; নাকি আমাকেই তার টিকেটের মূল্য পরিশোধ করতে হবে? যেমনটি আমি অন্যান্য খরচের ক্ষেত্রে করব। যেহেতু সে আমাকে সাহায্য করার জন্যই আসবে।

প্রিয় উত্তর

তার টিকেটের মূল্য আপনি পরিশোধ করতে কোন বাধা নেই এবং তিনি নিজে পরিশোধ করতেও কোন বাধা নেই। বিশেষতঃ তিনি যেহেতু সওয়াবের আশায় নিজের টিকেটের মূল্য নিজেই পরিশোধ করতে জোরাজোরি করছেন। তিনি আপনাকে সঙ্গ দেয়ার জন্য ইনশাআল্লাহ্ সওয়াব পাবেন।

আপনিও আপনাদের উভয়ের অন্যান্য খরচ বহন করার জন্য সওয়াব পাবেন, ইনশাআল্লাহ্। আল্লাহত്തে তাওফিকের মালিক।

আল্লাহত্তে সর্বজ্ঞ।